



নাসা গ্রুপের চেয়ারম্যানের গুলশানের জমির দলিল হারিয়ে থানায় জিডি



সংগৃহীত ছবি

নাসা গ্রুপের চেয়ারম্যান নজরুল ইসলাম মজুমদারের মালিকানাধীন গুলশানের প্রায় ৪০ কাঠা জমির মূল দলিল ও কাগজপত্র হারিয়ে যাওয়ার ঘটনায় থানায় সাধারণ ডায়েরি (জিডি) করা হয়েছে। তিনি বর্তমানে কারাগারে থাকায় স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অনুমতি নিয়ে তার একজন প্রতিনিধি শনিবার (১৫ নভেম্বর) তেজগাঁও শিল্পাঞ্চল থানায় জিডিটি করেন।

থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা আসলাম হোসেন জানান, নজরুল ইসলাম জিডিতে উল্লেখ করেছেন—২০২৪ সালের সেপ্টেম্বরের মাঝামাঝি সময়ে তেজগাঁওয়ের নাসা গ্রুপের প্রধান কার্যালয় থেকে মহাখালীর বাসায় ফেরার পথে তিনি জমির দলিলসহ মূল নথিপত্র হারিয়ে ফেলেন। গুলশান-২ এর ৭১ নম্বর রোডে অবস্থিত ৬ নম্বর প্লটের ৩৯.৭৫ কাঠা জমি তার মালিকানাধীন বলে জিডিতে উল্লেখ করা হয়। দলিল খুঁজে না পাওয়ায় জাতীয় পত্রিকায় কাগজ হারানোর বিজ্ঞপ্তিও দেওয়া হয়েছে।

উল্লেখ্য, গত বছরের ২ অক্টোবর দুর্নীতি ও অর্থপাচার মামলায় নজরুল ইসলামকে গ্রেফতার করা হয়। ব্যাংক মালিকদের সংগঠন বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব ব্যাংকস এবং এক্সিম ব্যাংকের সাবেক এই চেয়ারম্যানের বিরুদ্ধে ক্ষমতা অপব্যবহার করে বিপুল পরিমাণ ব্যাংকস্বর্ণ আত্মসাতের অভিযোগ রয়েছে।

এর মধ্যে নাসা গ্রুপের শ্রমিকদের বেতন পরিশোধ এবং বিভিন্ন ব্যাংকের বিপুল অঙ্কের ঋণ শোধে সমস্যার সৃষ্টি হওয়ায় সরকার গত সেপ্টেম্বরে তার সম্পদ বিক্রির নির্দেশ দেয়। জমি বিক্রির প্রক্রিয়ায় নথিপত্র না পাওয়ায় আইনি বাধ্যবাধকতা হিসেবে জিডি করা হয় এবং দলিলের নকল তুলতে উদ্যোগ নেওয়া হয়।

নাসা গ্রুপে বর্তমানে ২৫ হাজারেরও বেশি শ্রমিক কর্মরত। প্রতিষ্ঠানটির বিরুদ্ধে ২২টি ব্যাংক এবং একটি আর্থিক প্রতিষ্ঠানের কাছে মোট ৮ হাজার ৬৭৬ কোটি টাকা খেলাপি ঋণের দায় রয়েছে।